

Ex/BANGLA/UG/4.2/60/2019(OLD)

কলাস্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)

সাম্মানিক বাংলা

উনিশ শতকের বাংলা সাহিত্য (পর্ব ১)

কোর্স : ইউ.জি. : ৪.২

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের কখন বৈশিষ্ট্য উপন্যাসের মূল সমস্যার কতটা উপযোগী হয়েছে বলে তোমার মনে হয়? ১০

অথবা

২. 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের পাঠ-সংস্কারে বঙ্কিমচন্দ্র গোবিন্দলালকে আত্মঘাতী হওয়া থেকে সরিয়ে এনে সন্ন্যাসী বেশে ভগবৎ-সাধনায় শান্তি লাভ করান। এই পরিবর্তনকে তুমি কীভাবে দেখো? ১০

৩. 'মিবার রাজ' উপন্যাসের গঠন বেশ শিথিল। উপন্যাস হিসেবে এটিকে আদৌ উচ্চমানের বলা যাবে না – তুমি কি এই বিচার মেনে নেবে? যুক্তিসহ এ বিষয়ে নিজের অবস্থান জানাও।

অথবা

৪. 'মিবার রাজ' উপন্যাসের গতি ও পরিণতি নিয়ন্ত্রণ করেছে ঈর্ষা ও ভ্রাতৃত্ব। প্রয়োজনীয় প্রসঙ্গ উল্লেখ করে কথাটির তাৎপর্য বিশ্লেষণী করো। ১০

(Turn over)

(2)

৫. প্রকরণের বিচারে 'কমলাকান্তের দপ্তর'-এর রচনাগুলিকে তুমি কী জাতীয় রচনা বলবে? ১০

অথবা

৬. 'সীতার বনবাসে' বিদ্যাসাগর রামকাহিনিকে এক নতুন তাৎপর্যে উপস্থাপন করেন। মন্তব্যটি বিচার করো। ১০

৭. 'হিন্দুধর্মের শ্রেষ্ঠতা' বিষয়ক বক্তৃতা দিতে গিয়ে প্রথম জীবনে পাশ্চাত্য আদর্শে অতিমাত্রায় প্রভাবিত রাজনারায়ণ বসু, ইয়ং বেঙ্গলের সমালোচনা করে বলেন, তাঁদের কার্যকলাপ জাতির বন্ধনকে শিথিল করেছে। রাজনারায়ণ বসুর এই সমালোচনাকে তুমি কীভাবে পড়বে আলোচনা করো। ১০

অথবা

৮. 'তত্ত্ববোধিনী পাঠশালা' প্রবন্ধে শিক্ষক অক্ষয়কুমার দত্ত ভাবীকালের ভারতবাসীর জন্য যে শিক্ষা ব্যবস্থার প্রস্তাব করেন, তা কেমন ছিল? এই শিক্ষাব্যবস্থায় জোর দেওয়ার কারণ কী বলে তোমার মনে হয়? ১০